শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

নম্বর : ৪৬.০০.০০০০.০৪২.৯৯.০২৯.১৯ (অংশ-১).**৫৩২**

তারিখ: ২১ চৈত্র ১৪২৮
০৪ এপ্রিল ২০২২

**বিষয় : নওগাঁ জেলা পরিষদের মালিকানাধীন মান্দা উপজেলার আত্রাই নদীতে 'আয়াপুর-পাঠাকাটা খেয়াঘাট' এর ইজারা মূল্য মওকুফের প্রস্তাব।**

সূত্র : জেলা পরিষদ, নওগাঁ এর স্মারক ৪৬.০০.৬৪০০.০০১.৩১.০০৩.১৯.৭৭, তারিখ: ০৭ মার্চ ২০২২।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকে নওগাঁ জেলা পরিষদের মালিকানাধীন মান্দা উপজেলার আত্রাই নদীতে 'আয়াপুর-পাঠাকাটা খেয়াঘাট' এর ইজারা মূল্য মওকুফের প্রস্তাব প্রেরণ করা হয়েছে (কপি সংযুক্ত)। প্রস্তাবটি বিবেচনার সুবিধার্থে এ বিষয়ে সরেজমিন পরিদর্শনপূর্বক একটি প্রতিবেদন দাখিলের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: নওগাঁ জেলা পরিষদ হতে প্রাপ্ত প্রস্তাব।

মোহাম্মদ তানভীর আজম ছিদ্দিকী
উপসচিব
ফোন: +৮৮০২২২৩৩৫৫৫৬৮
Email-lgzp@lgd.gov.bd

উপ-পরিচালক
স্থানীয় সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, নওগাঁ।

অনুলিপি:

১. অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নওগাঁ।
৫. সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশ করার জন্য)।

জেলা পরিষদ কার্যালয়
নওগাঁ
zp.naogaon.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নম্বর: ৪৬.০০.৬৪০০.০০১.৩১.০০৩.১৯.৭৭

তারিখ: ২২ ফাল্গুন ১৪২৮
০৭ মার্চ ২০২২

বিষয়: **নওগাঁ জেলা পরিষদের মালিকানাধীন আয়াপুর-পাঠাকাটা খেয়াঘাটের ইজারার অর্থ মওকুফকরণ।**

সূত্র: আয়াপুর-পাঠাকাটা খেয়াঘাটের ইজারাদার জনাব নির্মল কুমার পাটনীর ২৭/০১/২০২২ খ্রিঃ তারিখের আবেদনপত্র।

উপর্যুক্ত বিষয়ে মহোদয়ের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নওগাঁ জেলা পরিষদের মালিকানাধীন মান্দা উপজেলার আত্রাই নদীর আয়াপুর-পাঠাকাটা খেয়াঘাটটি বাংলা ১৪২৮ সনে ৫,২৮,০০০/- (ভ্যাট ও আইটিসহ ৬,৩৩,৬০০/- টাকা) টাকায় ইজারা প্রদান করা হয়। উক্ত ঘাটের ইজারাদার জনাব নির্মল কুমার পাটনী কোভিড-১৯ জনিত কারণে হাট-বাজার বন্ধ/ সীমিত থাকা, স্কুল-কলেজ বন্ধ থাকা ইত্যাদি কারণে মানুষের চলাচল প্রায় না থাকায় খেয়া পারাপার ১২৭ দিন প্রায় বন্ধ ছিল উল্লেখ করে আনুপাতিক হারে ইজারার অর্থ মওকুফের আবেদন করেন (কপি সংযুক্ত)। বিষয়টি নওগাঁ জেলা পরিষদের 30/01/২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সাধারণ সভায় আলোচিত হয় এবং আনুপাতিক হারে ১২৭ দিনের ইজারামূল্য ১,৮৩,০০০/- টাকা হলেও বাস্তব ও যৌক্তিক বিচারে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা মওকুফের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয় (কপি সংযুক্ত)। উল্লেখ্য, ইজারাদার এ পর্যন্ত ইজারার ৩,৭০,০০০/- (ভ্যাট ও আইটিসহ ৪,৭৫,৬০০/-টাকা) টাকা পরিশোধ করেছেন এবং তার নিকট ইজারার ১,৫৮,০০০/- টাকা পাওনা রয়েছে।

এমতাবস্থায়, কোভিড-১৯ জনিত মহামারির কারণে আত্রাই নদীর আয়াপুর-পাঠাকাটা খেয়াঘাট বাংলা ১৪২৮ সনে ইজারার ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা মওকুফের বিষয়টি সদয় অনুমোদনের জন্য সবিনয় অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে ক) আবেদনপত্র ১ (এক) প্রস্থ।
খ) সাধারণ সভার কার্যবিবরণী ১ (এক) প্রস্থ।

স্থানীয় সরকার বিভাগ
সিনিয়র সচিবের দপ্তর
১) অতিরিক্ত সচিব
২) মহাপরিচালক
৩) যুগ্মসচিব
৪) যুগ্মসচিব (পরিকল্পনা)
১) প্রশাসন
২) নগর উন্নয়ন
৩) উন্নয়ন
৪) পানি সরবরাহ (পাস) অধিশাখা
৬) ইউপি অধিশাখা
৭) অডিট অধিশাখা
৮) আইন অধিশাখা
ডাইরি নম্বরঃ
তারিখঃ

৭-৩-২০২২
গোলাম মোঃ শাহনেওয়াজ
প্রধান নির্বাহী কর্মকর্তা
ফোন: ০২৫৮৮৮১৪৮৯
ইমেইল: ceozpn@gmail.com

সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ।

**দৃষ্টি আকর্ষণঃ** উপসচিব, জেলা পরিষদ শাখা, স্থানীয় সরকার বিভাগ

স্থানীয় সরকার বিভাগ
প্রাপ্তির তারিখ ১৩/৩/22
নম্বর ১১৮৭

অতিরিক্ত সচিব (প্রশাসন)

তারিখ
/সিনিয়র সহকারী সচিব
(প্রশাসন-১/প্রশাসন-২/সমন্বয় ও কাউন্সিল/জেপ)
যুগ্মসচিব(প্রশাসন)

সংযুক্তি-ক

বরাবর

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, নওগাঁ।

বিষয়ঃ কোভিড-১৯ জনিত কারনে খেয়াঘাট বন্ধ থাকায় ইজারার অর্থ মওকুফ প্রসংগে।

মহোদয়

সবিনয় বিনীত নিবেদন এই যে, আমি জনাব নির্মল কুমার পাটনী, পিতাঃ বিরেন কুমার পাটনী, মাতাঃ শ্রীমতি রাজুবালা, সাং পাটাকাঠা, মহাদেবপুর, নওগাঁ। আমি পাঠাকাটা আয়াপুর খেয়াঘাটটি বাংলা ১৪২৮ সনে ১ বছরের জন্য ৫,২৮,০০০/- টাকায় ইজারা গ্রহণ করি। কোভিড-১৯ মহামারীকালীন দূর্যোগের সময় ১৪/৪/২০২১ হতে ১৮/৮/২০২১ খ্রিঃ তারিখ পর্যন্ত খেয়াঘাটের পারাপার প্রায় বন্ধ ছিল। হাট-বাজার বসেনি। স্কুল কলেজ বন্ধ ছিল। মানুষের চলাচল প্রায় ছিলনা বললেই চলে। ফলে ১২৭ দিন খেয়াঘাটটি একেবারেই বন্ধ ছিল। খেয়াঘাটের ব্যবসার উপর আমার জীবিকা নির্বাহ হয়। আমার পরিবারের ১ ছেলে একাদশ শ্রেণিতে ও ১ মেয়ে ৮ম শ্রেণিতে পড়া লেখা করে। বৈশ্বিক মহামারী করোনার বন্ধকালীন সময়ে পরিবার পরিজন নিয়ে মানবেতর জীবন যাবন করি। তারপরেও সরকারি আইন-আদালতের ভয়ে ধার-কর্য করে আমি এ পর্যন্ত ইজারা বাবদ ৩,৭০,০০০/- টাকা, মূসক বাবদ ৭৯,২০০/- টাকা এবং আয়কর বাবদ ২৬,৪০০/- টাকা পরিশোধ করেছি। আমি নিজেই নৌকা বাইক করে পারাপারের কাজ করি। বর্তমান আমি নিস্ব হয়ে পড়েছি। ইতিপূর্বে প্রায় ১১ বছর ধরে এই খেয়াঘাটটি ইজারা গ্রহণ করেছি এবং নিয়মিত ইজারা বাবদ সরকারী অর্থ পরিশোধ করেছি।

অতএব মহোদয় বাংলা ১৪২৮ সনের পাঠাকাটা আয়াপুর খেয়াঘাটের ইজারাকালীন কোভিড--১৯ জনিত সময়ে খেয়াঘাট পারাপার বন্ধথাকাকালী আনুপাতিক হারে ইজারা বাবদ অর্থ মওকুফ করতে মহোদয়ের সদয় মর্জি হয়।

বিনীত নিবেদক-
নির্মল কুমার পাটনী 27/2/2
জনাব নির্মল কুমার পাটনী
পিতাঃ বিরেন কুমার পাটনী
মাতাঃ শ্রীমতি রাজুবালা
সাং পাটাকাঠা, মহাদেবপুর, নওগাঁ।

সংযুক্তি-০৫

জেলা পরিষদ কার্যালয়, নওগাঁ

সভা নং-৬০

**নওগাঁ জেলা পরিষদের জানুয়ারি, ২০২২ মাসে অনুষ্ঠিত সাধারণ সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | : এ্যাড. এ.কে.এম. ফজলে রাব্বি, চেয়ারম্যান, জেলা পরিষদ, নওগাঁ। |
| স্থান | : জেলা পরিষদ সম্মেলন কক্ষ, নওগাঁ। |
| তারিখ | : ৩০ জানুয়ারি, ২০২২ খ্রিঃ। |
| সময়: বেলা | : ১০:৩০ টা । |

সভায় উপস্থিত সদস্যবৃন্দ: পরিশিষ্ট ''ক''।
সভায় অনুপস্থিত সদস্যবৃন্দ: পরিশিষ্ট ''খ'' ।

সভাপতি উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভা শুরু করেন।

১। সভায় গত ২৯/১২/২০২১ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সাধারণ সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়।

২। **২০১৮-২০১৯ অর্থ বছরের এডিপি (বিশেষ)**

সহকারী প্রকৌশলী, জেলা পরিষদ, নওগাঁ সভায় জানান যে,

১) ৬.১৬৬ কোটি টাকা ব্যয়ে ধামইরহাট ৫০০ আসনবিশিষ্ট অডিটোরিয়াম নির্মাণ প্রকল্পের কাজ বাস্তবায়নাধীন আছে। চেয়ারম্যান ও প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ এবং সংশ্লিষ্ট সদস্যসহ সহকারী প্রকৌশলী, জেলা পরিষদ, নওগাঁ প্রকল্পটি সরেজমিন পরিদর্শন করেন। বাস্তবে এ কাজের অগ্রগতি ৮২%।

২) ১৯.৮৮৮১৪২৯ কোটি টাকা ব্যয়ে নওগাঁ জেলা সদরে ১০০০ আসনবিশিষ্ট অডিটোরিয়াম-কাম-মাল্টিপারপাস হল নির্মাণ কাজ বাস্তবায়নাধীন আছে। সহকারী প্রকৌশলী, জেলা পরিষদ, নওগাঁর প্রদত্ত তথ্যমতে এ কাজের বাস্তব অগ্রগতি ৫৭%।

৩) ১.৪৫ কোটি টাকা ব্যয়ে নওগাঁ জেলা পরিষদ পার্ক (নওগাঁ শহরস্থ মুক্তির মোড়) উন্নয়ন প্রকল্পের কাজ চলমান আছে। সহকারী প্রকৌশলী, জেলা পরিষদ, নওগাঁর প্রদত্ত তথ্যমতে এ কাজের বাস্তব অগ্রগতি ৬৫%।

৩। **২০১৯-২০২০ অর্থ বছরের প্রকল্প বাস্তবায়ন বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।**

এডিপি (সাধারণ)

সহকারী প্রকৌশলী, জেলা পরিষদ, নওগাঁ সভায় জানান যে, নওগাঁ জেলা পরিষদের আওতায় ২০১৯-২০২০ অর্থ বছরে এডিপি (সাধারণ) বরাদ্দের ৬ কোটি টাকায় গৃহীত ১৫৪টি প্রকল্পের মধ্যে ৪৮টি টেন্ডার প্রকল্প ও ১০৬টি সিপিপিসি প্রকল্প। ৪৮টি টেন্ডার প্রকল্পের মধ্যে ৪১ টির কাজ সমাপ্ত হয়েছে ও ২ টির কাজ চলমান আছে। অবশিষ্ট ৫ টি প্রকল্পের মধ্যে বঙ্গবন্ধুর ম্যুরাল নির্মাণ সংক্রান্ত ৪টি প্রকল্প বাস্তবায়নের জন্য বঙ্গবন্ধু কল্যাণ ট্রাস্ট হতে অনুমোদন পাওয়া গেছে। ম্যুরালের চূড়ান্ত নক্সা ও ডিজাইন প্রস্তুতির কাজ চলমান। অপর প্রকল্পটি পত্নীতলা চার রাস্তার মোড়ে নির্মীয়মান বিজয় স্তম্ভের "বিউটিফিকেশন ও ইলেকট্রিফিকেশন" সংক্রান্ত। মূল প্রকল্পের (বিজয় স্তম্ভ) নির্মাণ কাজ শেষ হলে এ প্রকল্পের কাজ শুরু করা হবে। ১০৬টি সিপিপিসি প্রকল্পের মধ্যে ১০৪ টির কাজ সমাপ্ত হয়েছে। অবশিষ্ট ০২ টির অগ্রগতি ৯৮%।

রাজস্ব তহবিল:

সহকারী প্রকৌশলী, জেলা পরিষদ, নওগাঁ সভায় জানান যে, নওগাঁ জেলা পরিষদের আওতায় ২০১৯-২০২০ অর্থ বছরে রাজস্ব তহবিলের ১ কোটি ৪০ লক্ষ টাকার ৪৪টি প্রকল্পের মধ্যে ১০টি টেন্ডার ও ৩৪টি পিআইসি প্রকল্প। ১০টি টেন্ডার প্রকল্পের মধ্যে ৮ টির কাজ সমাপ্ত হয়েছে এবং ২ টি প্রকল্পের টেন্ডার প্রক্রিয়াধীন। ৩৪ টি পিআইসি প্রকল্পের মধ্যে ৩৩ টির কাজ সমাপ্ত হয়েছে এবং ১টির কাজ চলমান। গড় অগ্রগতি ৯৫%।

**সিদ্ধান্তঃ** স্বাস্থ্য বিধি অনুসরণ করে ২০১৯-২০২০ অর্থ বছরের প্রকল্পসমূহের অবশিষ্ট কাজ দ্রুত সমাপ্ত করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

৪। ২০২০-২০২১ অর্থ বছরের প্রকল্প বাস্তবায়ন বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

এডিপি সাধারণঃ

সহকারী প্রকৌশলী, জেলা পরিষদ, নওগাঁ সভায় জানান যে, নওগাঁ জেলা পরিষদের আওতায় ২০২০-২০২১ অর্থ বছরে এডিপির (সাধারণ) বরাদ্দে গৃহীত ৪,১০,০০,০০০/- টাকার ১৩৬ টি প্রকল্পের অনুমোদন পাওয়া যায়। তন্মধ্যে ৬১ টি টেন্ডার প্রকল্প ও ৭৫ টি সিপিপিসি প্রকল্প। টেন্ডার প্রকল্পসমূহের কার্যাদেশ প্রদান প্রক্রিয়াধীন। সিপিপিসি প্রকল্পসমূহের কাজ চলমান আছে। গড় অগ্রগতি ৩৫%।

রাজস্ব তহবিল:

সহকারী প্রকৌশলী, জেলা পরিষদ, নওগাঁ সভায় জানান যে, স্থানীয় সরকার বিভাগ হতে নওগাঁ জেলা পরিষদের আওতায় ২০২০-২০২১ অর্থ বছরে রাজস্ব তহবিলে ১,৫৬,৪৯,৩৭৯/-(এক কোটি ছাপ্পান্ন লক্ষ উনপঞ্চাশ হাজার তিনশত উনাশি) টাকা প্রাক্কলিত মূল্যে মোট ৬৪ টি প্রকল্পের অনুমোদন পাওয়া যায়। ৬৪ টি প্রকল্পের মধ্যে ২২ টি টেন্ডার/কোটেশন ও ৪২ টি পিআইসি প্রকল্প। ০৮ টি টেন্ডার ও ৪০ টি পিআইসি প্রকল্পের কাজ সমাপ্ত হয়েছে এবং ১৪ টি টেন্ডার ও ০২ টি পিআইসি প্রকল্পের কাজ চলমান আছে। গড় অগ্রগতি ৮০%। স্বাস্থ্যবিধি অনুসরণ করে প্রকল্পগুলো বাস্তবায়নের বিষয়ে উপস্থিত সদস্যবৃন্দ একমত পোষণ করেন।

সিদ্ধান্তঃ স্বাস্থ্যবিধি অনুসরণ করে বিধি মোতাবেক প্রকল্পগুলো দ্রুত বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

৫। ২০২১-২০২২ অর্থ বছরের প্রকল্প বাস্তবায়ন বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

এডিপি সাধারণঃ

সহকারী প্রকৌশলী, জেলা পরিষদ, নওগাঁ সভায় জানান যে, নওগাঁ জেলা পরিষদের আওতায় ২০২১-২০২২ অর্থ বছরে এডিপি (সাধারণ) খাতে ৫,০০,০০,০০০/- টাকা বরাদ্দ পাওয়া যায়। মাননীয় সংসদ সদস্যগণের নিকট হতে প্রকল্প গ্রহণের পরামর্শ পাওয়া গেছে এবং সরেজমিন পরিদর্শন করে প্রকল্প যাচাই-বাছাই কার্যক্রম চলমান আছে।

রাজস্ব তহবিল:

সহকারী প্রকৌশলী, জেলা পরিষদ, নওগাঁ সভায় জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরে রাজস্ব তহবিলের ৮৩,০০,০০০/-টাকার ৪৮ টি প্রকল্প গ্রহণ করা হয়। তন্মধ্যে ০৯ টি টেন্ডার ও ৩৯ টি পিআইসি প্রকল্প। টেন্ডার প্রকল্পসমূহের কার্যাদেশ প্রদান করা হয়েছে। পিআইসি প্রকল্পের কাজ চলমান আছে। গড় অগ্রগতি ২৫%। স্বাস্থ্যবিধি অনুসরণ করে প্রকল্পগুলো দ্রুত বাস্তবায়নের বিষয়ে উপস্থিত সদস্যবৃন্দ একমত পোষণ করেন।

৬। প্রকল্প বাতিল/ স্থগিতকরণ/ পরিবর্তন।

**ক)** সভায় সহকারী প্রকৌশলী, জেলা পরিষদ, নওগাঁ জানান যে, নওগাঁ জেলা পরিষদের মালিকানাধীন জননেতা আব্দুল জলিল শিশুপার্কের প্রধান ফটকের/ প্রবেশ পথের বাম দিকে ২০১৯-২০২০ অর্থ বছরে জেলা পরিষদের রাজস্ব তহবিলের ৩০.০০ লক্ষ টাকা বরাদ্দে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ম্যুরাল নির্মাণ প্রকল্প গ্রহণ করা হয়। প্রকল্পের ডিজাইন ও প্রাক্কলন অনুমোদনের জন্য এ কার্যালয়ের ১৮/০৭/২০২১ তারিখের ৪৬.০০.৬৪০০.০০২.০৬.১৩৬০.২০১৯-৩৩০ নং স্মারকে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেমোরিয়াল ট্রাস্ট, ঢাকায় পত্র প্রেরণ করা হয়। এখনও অনুমোদন পাওয়া যায়নি। ইতোমধ্যে মাননীয় সংসদ সদস্য, নওগাঁ-৫ নওগাঁ শহরের কেন্দ্রীয় শহীদ মিনারটি সড়ক সম্প্রসারণের কারণে অপসারণের প্রয়োজন হওয়ায় তা অপসারণ করে পাশের চত্বরে কেন্দ্রীয় শহীদমিনার পুন:নির্মাণ, বঙ্গবন্ধুর ম্যুরাল নির্মাণ ও জননেতা আব্দুল জলিল মুক্তমঞ্চ নির্মান প্রকল্প বিস্তৃত আকারে গ্রহণ করেছেন।

জননেতা আব্দুল জলিল শিশুপার্কের সামনে জায়গা কম থাকায়, গাড়ি পার্কিংয়ের জায়গা সংরক্ষণ করা প্রয়োজন হওয়ায় এবং প্রায় ২ কি:মিটারের মধ্যে বিস্তৃত আকারে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ম্যুরাল নির্মাণ প্রকল্প গৃহিত হওয়ায় বাস্তব অবস্থা বিবেচনায় জননেতা আব্দুল জলিল শিশুপার্কের সামনের বঙ্গবন্ধুর ম্যুরাল স্থাপন প্রকল্পটি আপাতত: বাস্তবায়ন না করার বিষয়ে সভায় উপস্থিত সদস্যগণ ও সভাপতি একমত পোষণ করেন।

সিদ্ধান্তঃ জননেতা আব্দুল জলিল শিশুপার্কের সামনে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ম্যুরাল স্থাপনের প্রকল্পটি স্থগিত রাখার বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

**খ)** সভায় সহকারী প্রকৌশলী, জেলা পরিষদ, নওগাঁ জানান যে, ২০২০-২০২১ অর্থ বছরে জেলা পরিষদের রাজস্ব তহবিলের ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকার বরাদ্দে জেলা পরিষদ কার্যালয়ে সৌরবিদ্যুৎ সিস্টেম স্থাপন এবং ২০২০-২০২১ অর্থ বছরের রাজস্ব তহবিলের ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা বরাদ্দে নওগাঁ সদর উপজেলার কীর্ত্তিপুর ইউনিয়নে "কীর্ত্তিপুর দাঙ্গাপাড়া গ্রামীন রাস্তা উন্নয়ন" প্রকল্প গ্রহণ করা হয়। সোলার সিস্টেম থেকে ব্যাপক বিদ্যুৎ সাপোর্ট পাওয়া যায় না, কম্পিউটার প্রিন্ট নেওয়া যায় না, ফটোকপি মেশিন চালানো যায় না, সর্বোপরি এটি দীর্ঘস্থায়ী হয় না এবং খারাপ হলে স্থানীয়ভাবে মেরামত করা যায় না। ফলে এ বিনিয়োগের সুফল

যথার্থভাবে পাওয়া যায় না। অন্যদিকে নওগাঁ সদর উপজেলার "কীর্ত্তিপুর দাঙ্গাপাড়া গ্রামীন রাস্তা উন্নয়ন" প্রকল্পটি নওগাঁ সদর উপজেলা পরিষদের অর্থায়নে ইতোমধ্যে বাস্তবায়িত হওয়ায় এ প্রকল্পটি বাতিল করা আবশ্যক। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং প্রকল্প দু'টি বাতিল করার বিষয়ে সভায় উপস্থিত সদস্যগণ একমত পোষণ করেন।

সিদ্ধান্তঃ নওগাঁ জেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে ২০২০-২০২১ অর্থবছরে 'জেলা পরিষদ কার্যালয়ে সৌরবিদ্যুৎ সিস্টেম স্থাপন' প্রকল্প ও নওগাঁ সদর উপজেলার গৃহীত কীর্ত্তিপুর ইউনিয়নে গৃহীত "কীর্ত্তিপুর দাঙ্গাপাড়া গ্রামীন রাস্তা উন্নয়ন" প্রকল্প দু'টি সর্বসম্মতভাবে বাতিল করার সিদ্ধান্ত গৃহীত হয়।

**গ)** সভায় প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নওগাঁ জানান যে, রাজশাহী-নওগাঁ মহাসড়কের মহাদেবপুর উপজেলার চৌমাসিয়া (নওহাটা) নামক স্থানে চারলেইন ও ইন্টারসেকশন প্রকল্পের জন্য মোড়টিতে নির্মীয়মান মুক্তিযুদ্ধের স্মৃতিস্তম্ভ/ বঙ্গবন্ধুর ম্যুরাল প্রকল্পটি অপসারণের প্রয়োজন হতে পারে এবং এ প্রকল্পে পুন:অর্থায়ন করা সঠিক হবে না। এ বিষয়ে নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, নওগাঁ তার কার্যালয়ের ১৯/১২/২০২১ খ্রিঃ তারিখের ৩৫.০১.৬৪০০.৪৪৯.০৭.০০১.২০-২৫৯৬(৬) নং স্মারকে এ কার্যালয়ে পত্র প্রেরণ করেন। উক্ত বিষয়ে জেলা উন্নয়ন সমন্বয় কমিটির ১৯/১২/২০২১ খ্রিঃ তারিখের সভায়ও নির্বাহী প্রকৌশলী সড়ক ও জনপথ বিভাগ, নওগাঁ তুলে ধরেন ও জেলা পরিষদের উক্ত নির্মিয়মান মুক্তিযুদ্ধের স্মৃতিস্তম্ভ/ বঙ্গবন্ধুর ম্যুরাল প্রকল্পটি স্থগিতকরণের জন্য অনুরোধ করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং নওহাটা / চৌমাসিয়া মোড়ের 'মহান মুক্তিযুদ্ধের স্মৃতিসৌধ নির্মাণ' শীর্ষক প্রকল্পটি পরিবর্তন করে নিম্নবর্ণিতভাবে প্রকল্প গ্রহণের প্রস্তাব সভায় উপস্থাপিত হয়:

| অর্থ বছর | গৃহীত প্রকল্প | পরিবর্তিত নতুন প্রকল্প | প্রাক্কলিত মূল্য | বাস্তবায়ন পদ্ধতি |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ২০২০-২০২১ | নওহাটা / চৌমাসিয়া মোড়ের 'মহান মুক্তিযুদ্ধের স্মৃতিসৌধ নির্মাণ' শীর্ষক প্রকল্প। | মহাদেবপুর উপজেলার আজিপুর গ্রামীন সড়কের ৮ ফিট চওড়াকরণসহ ডবল ইটসোলিং দ্বারা উন্নয়ন প্রকল্প। | ৮.০০ লক্ষ টাকা | টেন্ডার |
| | | বদলগাছী উপজেলার কেশাইল গোয়ালপাড়া জামে মস্‌জিদ উন্নয়ন প্রকল্প। | ২.০০ লক্ষ টাকা | পিআইসি |

সিদ্ধান্তঃ উপর্যুক্ত ছকের ২নং ক্রমিকে বর্ণিত প্রকল্প পরিবর্তন করে ৩নং ক্রমিকে বর্ণিত প্রকল্প স্থানীয় সরকার বিভাগ, ঢাকার অনুমোদনক্রমে বাস্তবায়নের জন্য সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

## ৭। <u>জেলা পরিষদ কার্যালয়ের দক্ষিণ সীমানা প্রাচীর রক্ষা ও অফিস চত্বরে অবস্থিত পুকুরের প্যালাসাইডিং/ গাইড ওয়াল নির্মাণ।</u>

নওগাঁ জেলা পরিষদ কার্যালয় ভবনের পিছনে দক্ষিণ সীমানা প্রাচীরের বাইরের দিকে একটি বড় পুকুর রয়েছে। পুকুরটির পাড় ভাঙ্গাতে ভাঙ্গাতে সীমানা প্রাচীরের নিচের অংশ ধ্বসে গেছে। জরুরীভিত্তিতে মাটি ভরাট না করা হলে সীমানা প্রাচীরটি যেকোন সময় ভেঙ্গে পড়তে পারে বলে সহকারী প্রকৌশলী, জেলা পরিষদ, নওগাঁ সভায় জানান। চেয়ারম্যান, জেলা পরিষদ ও প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ সীমানা প্রাচীরটি ভিজিট করেছেন। এ বিষয়ে আশু ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন মর্মে সভায় উপস্থিত সদস্যগণ মত প্রকাশ করেন। সভাপতি সভায় বলেন যে, জেলা পরিষদ চত্বরে অবস্থিত পুকুরটির পূর্বপাড় ভেঙ্গে সীমানা প্রাচীর পর্যন্ত পৌছে গেছে। প্রাচীরের ওপার থেকে বাসাবাড়ির নোংরা পানি পুকুরে পড়ে পানি দুষিত হচ্ছে। পুকুরের পাড় ও সীমানা প্রাচীর রক্ষার জন্য প্যালাসাইডিং/ গাইড ওয়াল দিয়ে পুকুর পাড়টি বাঁধাইয়ের পাশাপাশি ওয়াকওয়ে নির্মাণ করা হলে একই সাথে দু'টো কাজ করা সহজভাবে সম্ভবপর হবে। সভায় উপস্থিত সহকারী প্রকৌশলী, জেলা পরিষদ, নওগাঁ ও অন্যান্য সদস্যগণ পুকুরটি ও সীমানা প্রাচীর রক্ষায় জরুরী ব্যবস্থা গ্রহণের পক্ষে মত প্রদান করেন।

সভায় বিস্তারিত আলোচনাপূর্বক জেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থে নিম্নবর্ণিত ৩ টি প্রকল্প গ্রহণের বিষয়ে সকল সদস্য একমত পোষণ করেন।

২০২২

| ক্রঃনং | প্রকল্পের নাম | অর্থ বছর ও ব্যয়ের উৎস | অর্থের পরিমান (লক্ষ টাকা) | বাস্তবায়ন পদ্ধতি |
|---|---|---|---|---|
| ১ | জেলা পরিষদ কার্যালয়ের দক্ষিণ সীমানা প্রাচীর রক্ষায় মাটি ভরাট। | ২০২১-২০২২ রাজস্ব তহবিল | ০.৫০ | টেন্ডার |
| ২ | জেলা পরিষদ চত্বরের পুকুর রক্ষায় প্যালাসাইডিং/গাইডওয়াল নির্মাণ। | ঐ | ১০.০০ | ঐ |
| ৩ | জেলা পরিষদ চত্বরে পুকুরের চারপাশে ওয়াকওয়ে নির্মাণ। | ঐ | ১০.০০ | ঐ |

সিদ্ধান্তঃ নওগাঁ জেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থে উপরে বর্ণিত ৩ টি প্রকল্প বাস্তবায়নের বিষয়ে সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

০৮। **পার-নওগাঁ মৌজায় জেলা পরিষদের মালিকানাধীন পুকুর সংস্কার করে পাড় বাঁধাই প্রকল্প বাস্তবায়ন।**

সভায় সহকারী প্রকৌশলী, জেলা পরিষদ, নওগাঁ জানান যে, স্থানীয় সরকার বিভাগ, ঢাকা হতে ২৫/০৮/২০২১ তারিখের ৪৬.০০.৬৪০০.০৪২.৯৯.০২৯.১৯.১৮৩৩ নং স্মারকে ২৯,৬৪,৪৬২/- টাকা ব্যয়ে পার-নওগাঁ মৌজায় জেলা পরিষদের মালিকানাধীন পুকুর সংস্কার করে পাড় বাঁধাই, জনগণের বিনোদনের জন্য ওয়াকওয়ে/ফুটপাত নির্মাণ এবং সেলামীর অর্থে দোকানঘর নির্মাণের জন্য প্রশাসনিক অনুমোদন পাওয়া যায়। তিনি আরো জানান যে, পার-নওগাঁ মৌজায় জেলা পরিষদের মালিকানাধীন পুকুরের জমির মাঝখানে পুকুরটি কালক্রমে ভরাট হয়ে ডোবা/ নর্দমায় পরিণত হয়েছে। নর্দমার দূর্গন্ধ ও মশার উপদ্রপের কারণে এলাকাবাসীর দাবী ও আকাংখার প্রেক্ষিতে ডোবাটি দ্রুত সংস্কার করা প্রয়োজন। দরপত্র প্রক্রিয়ায় বিলম্ব ঘটতে পারে। সভাপতি বলেন যে, পরিবেশগত দিক বিবেচনায় ও এলাকাবাসীর চাহিদার প্রেক্ষিতে দ্রুত বাস্তবায়নের জন্য ১০.০০ লক্ষ টাকা ব্যয়ে পুকুর সংস্কার প্রকল্পটি কোটেশন পদ্ধতিতে বাস্তবায়ন করা প্রয়োজন। বিস্তারিত আলোচনায় সভাপতি প্রশাসনিক অনুমোদিত প্রকল্পটি দ্রুত বাস্তবায়নের স্বার্থে আপাতত: ১০.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে পুকুর সংস্কার প্রকল্পটি কোটেশন পদ্ধতিতে বাস্তবায়নের প্রস্তাব রাখেন। সভায় উপস্থিত সকল সদস্য সভাপতির এ প্রস্তাবে একমত পোষণ করেন।

সিদ্ধান্তঃ নওগাঁ জেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থে ১০.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে পার-নওগাঁ মৌজায় জেলা পরিষদের মালিকানাধীন পুকুরটি সংস্কারের কাজ কোটেশন পদ্ধতিতে দ্রুত বাস্তবায়নের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

৯। **নওগাঁ শহরের পার-নওগাঁ মৌজায় জেলা পরিষদের মালিকানাধীন মার্কেটের দ্বিতীয় তলার দোকানঘর বরাদ্দ প্রদান।**

নওগাঁ জেলা পরিষদের মালিকানাধীন নওগাঁ শহরের পার-নওগাঁ মৌজায় অবস্থিত মুকবধির বিদ্যালয়ের সাথে লাগোয়া জেলা পরিষদ মার্কেটের নির্মীয়মান দুইতলা ভবনের ৬ টি দোকানঘর সেলামীর অর্থে নির্মাণের লক্ষে গত ১২/১২/২০২১ তারিখের দু'টি জাতীয় পত্রিকায় বিজ্ঞপ্তি প্রচার করা হয়। তদপ্রেক্ষিতে ৫ টি দোকানঘরের জন্য কোটেশন/ দরপত্র পাওয়া যায়। অবশিষ্ট ১ টি দোকানঘরের জন্য একজন আগ্রহী প্রার্থী জনাব শাহেদুজ্জামান সুইট, পিতা-মোঃ মোয়াজ্জেম হোসেন, পার-নওগাঁ, নওগাঁ চেয়ারম্যান, জেলা পরিষদ বরাবর আবেদনপত্র দাখিল করেন। একটি মাত্র দোকানঘরের জন্য পুনরায় বিজ্ঞপ্তি প্রচারে পরিষদের অর্থের অপচয় ঘটবে। কোটেশনদাতা নাও পাওয়া যেতে পারে। এতে অহেতুক সময় ক্ষেপণও হতে পারে। এমতাবস্থায়, চেয়ারম্যান, জেলা পরিষদ, নওগাঁ বলেন যে, একটি মাত্র দোকানঘরের জন্য পুনরায় বিজ্ঞপ্তি প্রচার যুক্তিযুক্ত হবে না। এ বিষয়ে সভার সকল সদস্য উক্ত আবেদনপত্রটি গ্রহণের পক্ষে মত দেন এবং কোটেশন দাখিলকারী ৫ জনের নিকট হতে বিধি অনুযায়ী সেলামীর সমুদয় অর্থ আদায় সাপেক্ষে ৫ টি দোকানঘর বরাদ্দের বিষয়ে একমত পোষণ করেন।

সিদ্ধান্তঃ নওগাঁ জেলা পরিষদের মালিকানাধীন নওগাঁ শহরের পার-নওগাঁ মৌজায় অবস্থিত মুকবধির বিদ্যালয়ের সামনের মার্কেটের ২য় তলায় ৬ টি দোকানঘরের মধ্যে ৫ টি দোকানের কোটেশন দাখিলকারী বর্ণিত ৫ জনের নিকট হতে বিধি অনুযায়ী সেলামীর অর্থ আদায় সাপেক্ষে বরাদ্দ প্রদানের জন্য এবং অবশিষ্ট একটি দোকানঘর আবেদনকারী জনাব শাহেদুজ্জামান সুইট, পিতা-মোঃ মোয়াজ্জেম হোসেন, পার-নওগাঁ, নওগাঁর নিকট হতে বিধি অনুযায়ী সেলামীর সমুদয় অর্থ আদায় সাপেক্ষে বরাদ্দ প্রদানের বিষয়ে সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

## ১০। নওগাঁ জেলা পরিষদের মালিকানাধীন আয়াপুর-পাঠাকাটা খেয়াঘাটের ইজারার অর্থ মওকুফকরণ।

সভায় প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নওগাঁ জানান যে, নওগাঁ জেলা পরিষদের মালিকানাধীন মান্দা উপজেলার আত্রাই নদীর আয়াপুর-পাঠাকাটা খেয়াঘাট বাংলা ১৪২৮ সনের জন্য =৫,২৮,০০০/- টাকায় ইজারা হয়, যা ভ্যাটও আইটি =১,০৫,৬০০/- টাকাসহ সর্বসাকুল্যে=৬,৩৩,৬০০/- টাকা। এ ঘাটের ইজারাদার এ পর্যন্ত ইজারা বাবদ ৩,৭০,০০০/- টাকা, মূসক বাবদ ৭৯,২০০/- টাকা এবং আয়কর বাবদ ২৬,৪০০/- টাকা পরিশোধ করেছেন, যা সর্বসাকুল্যে ৪,৭৫,৬০০/- টাকা। উক্ত খেয়াঘাটের ইজারাগ্রহণকারী জনাব নির্মল কুমার পাটনী। তিনি একজন গরিব পেশাদার পাটনী। খেয়া পারাপার তার একমাত্র আয়ের উৎস। তার দুই ছেলে-মেয়ে স্কুলে পড়ালেখা করে। তিনি গত ২৭/০১/২০২২ তারিখে একটি আবেদনপত্র দাখিল করেছেন। পত্রে তিনি কোভিড-১৯ জনিত লকডাউনে স্কুল, কলেজ, হাট-বাজার বন্ধ থাকার কারণে মানুষের চলাচল প্রায় না থাকায় খেয়া পারাপার ১২৭ দিন বন্ধ থাকায় ঐ সময় তার কোন আয় উপার্জন না হওয়ায় মানবেতর জীবনযাপন করেছেন বলে উল্লেখ করে আনুপাতিক হারে উক্ত সময়ের ইজারার অর্থ মওকুফের আবেদন করেছেন। আনুপাতিক হারে ১২৭ দিনের ইজারামূল্য হয় ১,৮৩,০০০/- টাকা। সভায় সভাপতি ও উপস্থিত সকল সদস্য বিষয়টি বিবেচনার পক্ষে তাদের বক্তব্য রাখেন এবং বাস্তব ও যৌক্তিক বিচারে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা মওকুফের বিষয়ে একমত হয়ে তা অনুমোদনের নিমিত্ত স্থানীয় সরকার বিভাগ, ঢাকায় পত্র প্রেরণের বিষয়ে একমত পোষণ করেন।

সিদ্ধান্তঃ সভায় নওগাঁ জেলা পরিষদের মালিকানাধীন মান্দা উপজেলার আত্রাই নদীর আয়াপুর-পাঠাকাটা খেয়াঘাটের বাংলা ১৪২৮ সনে ইজারার ৫,২৮,০০০/- (পাঁচ লক্ষ আটাশ হাজার) টাকার মধ্যে স্থানীয় সরকার বিভাগ, ঢাকার অনুমোদনক্রমে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা মওকুফকরণের বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

## ১১। রাজস্ব তহবিলের সমাজকল্যান ও সংস্কৃতি খাত হতে অনুদান প্রদান।

প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিযদ, নওগাঁ, সভায় জানান যে, স্থানীয় সরকার বিভাগের ১৫ জুন ২০১৬ তারিখের ৪৬.৪২.০০০০.০০০.০২০.০০৩.১৫.১৫৩৯ নং স্মারক মোতাবেক আর্থিক সংগতি থাকা সাপেক্ষে জেলা পরিষদের রাজস্ব তহবিলের সমাজকল্যান খাত হতে এক অর্থ বছরে সবোর্চ্চ ১০.০০ (দশ) লক্ষ টাকা অনুদান প্রদানের বিধান আছে। নওগাঁ জেলা পরিষদের উক্ত খাত হতে চলতি ২০২১-২০২২ অর্থ বছরে ডিসেম্বর ২১ মাস পর্যন্ত ১৯৪ (একশত চুরানব্বই) জন ব্যক্তিকে ৯,৪৬,০০০/- টাকা অনুদান প্রদান করা হয়। এ খাত হতে জানুয়ারি, ২০২২ মাসে কোন অনুদান প্রদান করা হয়নি।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(এ্যাড.এ.কে.এম. ফজলে রাব্বি)
চেয়ারম্যান
ও
সভাপতি
জেলা পরিষদের সাধারণ সভা
জেলা পরিষদ, নওগাঁ।